# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ১৩৬৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. নামাযের মধ্যে ভুলক্রটি হওয়া ও তার বিধান এবং এই বিষয় সংক্রান্ত প্রাসঙ্গিক হাদীস। নামাযরত অবস্থায় নামাযীর সামনে দিয়ে কোন কিছু অতিক্রম করলে তাতে নামায নষ্ট হয় না

بَابُ صِفَةِ السَّهْوِ فِي الصَّلَاةِ وَأَحْكَامِهِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ وَأَنَّهُ لَا يَقْطَعُ الصَّلَاةَ شَيْءٌ يَمُرُّ بَيْنَ يَدَيْهِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي دَاوُدَ ، ثَنَا أَبُو سَعِيدٍ الْأَشَجُّ ، ثَنَا أَبُو خَالِدٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَجْلَانَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ " إِذَا شَكَّ أَحَدُكُمْ فِي صَلَاتِهِ فَلْيُلْقِ الشَّكَّ وَلْيَبْنِ عَلَى الْيَقِينِ فَإِنِ اسْتَيْقَنَ التَّمَامَ سَجَدَ سَجْدَتَيْنِ فَإِنْ كَانَتْ صَلَاتُهُ تَامَّةً كَانَتِ الرَّكْعَةُ نَافِلَةً وَالسَّجْدَتَانِ وَإِنْ كَانَتْ نَاقِصَةً كَانَتِ الرَّكْعَةُ تَمَامًا لِصَلَاتِهِ وَالسَّجْدَتَانِ تُرْغِمَانِ أَنْفَ الشَّيْطَانِ

বাংলা

১৩৬৯(২১). আবু বাকর ইবনে আবু দাউদ (রহঃ) ... আবু সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি তোমাদের কেউ তার নামাযের মধ্যে সন্দেহে পতিত হয়, তবে সে সন্দেহ পরিহার করে এবং নিশ্চিত বিশ্বাসের উপর ভিত্তি করবে। যদি (নামায) পূর্ণ হওয়ার নিশ্চিত বিশ্বাস হয় তাহলে দু’টি (সাহু) সিজদা করবে। যদি তার নামায পূর্ণ হয়ে থাকে তাহলে দুটি সিজদা সহকারে এক রাকআত পড়বে এবং তা নফল গণ্য হবে। আর যদি নামায অসম্পূর্ণ থাকে তাহলে (দু’টি সিজদার) এক রাকআত তার নামাযকে পূর্ণ করবে এবং দুটি সিজদা হবে শয়তানের নাকে খত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81158

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন